

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ অফিস
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।

নং-হঅটা-৭/১২৪/২০১৪/৪৪৫

তারিখ- ১০ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ
২৫ আগস্ট, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : হজ্জযাত্রীর পাসপোর্টে স্টীকার এবং বাসের টিকেট সংযুক্তকরণ প্রসঙ্গে।
সূত্র : বাহমি/হউ/এইচএমও-৩৩/২০০৩/৩১০, তাং-২২/০৮/২০১৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা হতে প্রাপ্ত পত্রখানা এ সাথে প্রেরণ করা হলো। এ বছর নতুন নিয়মে সকল হজ্জ এজেন্সির হজ্জযাত্রীদের বাসের টিকেট এবং স্টীকার স্ব-স্ব দেশ হতে পাসপোর্টে সংযুক্ত করতে হবে। কোন হজ্জযাত্রী স্টীকার এবং বাসের টিকেট ব্যতীত অবতরণ করলে নগদ মূল্য পরিশোধ করে স্টীকার ও বাসের টিকেট সংগ্রহ করতে হবে।



(মো: মিজানুর রহমান)
পরিচালক
(উপ-সচিব)
ফোন : ৮৯৫৮৪৬২।

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/অংশীদার/পরিচালক

.....
.....
.....

নং-হঅটা-৭/১২৪/২০১৪/৪৪৫

তারিখ- ১০ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ
২৫ আগস্ট, ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি :

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, ১৬তম তলা, হোটেল ভিক্টরী, ৩০/এ, নয়াপল্টন, ঢাকা (সকল এজেন্টকে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।

(মো: মিজানুর রহমান)
পরিচালক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
মক্কা আল-মোকাররমা, সৌদি আরব।

স্মারক নং বাহমি/হউ/এইচএমও-৩৩/২০০৩/৬১০

তারিখ : ২২.০৮.২০১৪ খ্রিঃ

বিষয় : হজ্জযাত্রীর পাসপোর্টে স্টীকার এবং বাসের টিকেট সংযুক্তকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর জেদ্দা ও মদিনা বিমান বন্দর হতে বিভিন্ন রুটের (জেদ্দা-মক্কা-মদিনা-মক্কা-মিনা-আরাফা-মক্কা-জেদ্দা) বাসের টিকিট হজ্জ টার্মিনালে সেবা প্রদানের জন্য নিয়োজিত ইউনাইটেড এজেন্টস অফিস কর্তৃপক্ষ হজ্জযাত্রীদের পাসপোর্টে সংযুক্ত করে দিত। এ বছর নতুন নিয়মের কারণে সকল হজ্জযাত্রীর বাসের টিকিট এবং স্টীকার স্ব স্ব দেশ হতে পাসপোর্টে সংযুক্ত করতে হবে। তাই বাংলাদেশ হতে আগতব্য হজ্জযাত্রীদের স্টীকার ও বাসের টিকেট সংশ্লিষ্ট এজেন্সীর প্রতিনিধি (মোনাঞ্জেম) এর নিকট মক্কা হজ্জ অফিস হতে সরবরাহ করা হয়েছে। কোন হজ্জযাত্রী উক্ত স্টীকার এবং বাসের টিকিট ব্যতীত বিমান বন্দরে আগমণ করলে নগদ মূল্যে পরিশোধ করে স্টীকার ও টিকিট সংগ্রহ করতে হবে। তাই সকল হজ্জযাত্রীর ইমিগ্রেশনের পূর্বে পাসপোর্টে সঠিকভাবে স্টীকার ও বাসের টিকেট সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে স্টীকার ও বাসের টিকেট যদি অব্যবহৃত থাকে তবে তা বাংলাদেশ হজ্জ অফিসের নিকট জমা প্রদান করতে হবে।

২। এমতাবস্থায় বিষয়টি সকল হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

পরিচালক হজ্জ
বাংলাদেশ হজ্জ অফিস
আশকোনা, উত্তরা, ঢাকা।

(মোঃ আসাদুজ্জামান)
কাউন্সেলর (হজ্জ)

স্মারক নং বাহমি/হউ/এইচএমও-৩৩/২০০৩/৬১০

তারিখ : ২২.০৮.২০১৪ খ্রিঃ

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৩. কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ আসাদুজ্জামান)
কাউন্সেলর (হজ্জ)